ত্রৈমাসিক বুলেটিন

শতভাগ বিদ্যুতের দেশ
এবার হবে স্মার্ট বাংলাদেশ

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৪ | সংখ্যা : ১৭ | ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ | সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

## বৈদ্যুতিক গাড়ির জন্য দেশে প্রথম চার্জিং স্টেশন স্থাপন



*১৬ আগস্ট ২০২৩ চার্জিং স্টেশন উদ্বোধন করেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মো. হাবিবুর রহমান, বিপিএএ*

"সহজতর চার্জিং, দূষণমুক্ত ড্রাইভিং" প্রতিপাদ্য নিয়ে ডিপিডিসি'র সহায়তায় বাংলাদেশে ১ম বৈদ্যুতিক গাড়ি চার্জিং স্টেশন স্থাপিত হয়েছে। ১৬ আগস্ট ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চার্জিং স্টেশন উদ্বোধন করেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মো. হাবিবুর রহমান, বিপিএএ।

চার্জিং স্টেশন স্থাপনে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ও Progress Motors Imports Limited এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ডিপিডিসি'র পক্ষে জনাব মোঃ আসাদুজ্জামান, কোম্পানি সচিব (উপসচিব) ও Progress Motors Imports Limited এর পক্ষে জনাব মোঃ হাসিব উদ্দিন, পরিচালক (অর্থ) চুক্তিতে স্বাক্ষর করেন। এ চুক্তির ফলে বৈদ্যুতিক যান চার্জিং নির্দেশিকার আলোকে চার্জিং স্টেশন নির্মাণে ডিপিডিসি কারিগরি সহায়তা প্রদান করবে।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, 'বিদেশে কয়েক কিলোমিটার পরপরই ফিলিং স্টেশনের পাশাপাশি ইভি চার্জিং স্টেশনের দেখা মেলে। আশা করা যাচ্ছে ২০৩০ থেকে ২০৩৫ সালের মধ্যে বাংলাদেশেও জ্বালানি তেলচালিত কোনো পরিবহন থাকবে না। সরকার এই পরিকল্পনাতেই এগুচ্ছে। তার প্রাথমিক পদক্ষেপ হিসেবে এই চার্জিং স্টেশন স্থাপন করা হয়েছে'।

তিনি আরও বলেন, আমাদের চার্জিং স্টেশন নীতিমালা করা হয়েছে অনেক আগে। প্রথম স্টেশন স্থাপনে সে তুলনায় একটু বেশি সময় লেগেছে। তবে এটি শুরু, খুব দ্রুত সবাই মিলে আমরা ইলেকট্রিক যানবাহনে যাওয়ার চেষ্টা করব।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুনীরা সুলতানা, এনডিসি, চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি কর্তৃপক্ষ (স্রেডা) এবং জনাব মোঃ হাসিব উদ্দিন, নির্বাহী পরিচালক (অর্থ), Progress Motors Imports Limited.





# ডিপিডিসি'তে জাতীয় শোক দিবস পালন






১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে ধানমণ্ডি ৩২-এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতা ও ১৫ই আগস্টের সকল শহীদের প্রতি ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) পক্ষ হতে বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে ডিপিডিসি'র সকল স্তরের কর্মকর্তা কর্মচারীগণ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।





*ডিপিডিসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, বিপিএএ বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব পদে পদোন্নতিপ্রাপ্ত হওয়ায় ডিপিডিসি পরিচালনা পর্ষদ ও কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।*




*'নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতে স্মার্ট গ্রিডই সমাধান' প্রতিপাদ্য নিয়ে গত ৭ জুন, ২০২৩ ডিপিডিসি আয়োজনে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ 'টুয়ার্ডস পাওয়ার ডিস্ট্রিবিউশন রেভ্যুলুশন: স্মার্ট গ্রিড টেকনোলজিস অ্যান্ড অ্যাপলিকেশন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।*



**ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ও বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি উপস্থিত ছিলেন।**

# ইঞ্জিনিয়ার্স ডে উপলক্ষে ডিপিডিসি'তে সেবা সপ্তাহ আয়োজিত

ইঞ্জিনিয়ার্স ডে-২০২৩ উপলক্ষে গ্রাহকদের নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ৭-১৩ মে, ২০২৩ পর্যন্ত বিদ্যুৎ সেবা সপ্তাহ আয়োজন করে। গত ৭ মে, ২০২৩ ডিপিডিসি'র কাঁটাবনস্থ প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ও ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি)'র সভাপতি প্রকৌশলী মোঃ আবদুস সবুর। সেবা সপ্তাহে ডিপিডিসি'র গ্রাহকগণকে দ্রুততার সাথে নতুন সংযোগ প্রদান, লোড বৃদ্ধি, মিটার ও নাম পরিবর্তন, বিদ্যুৎ বিল সংশোধন, প্রিপেইড মিটারের কার্ড রিচার্জ এবং তাৎক্ষণিকভাবে বিদ্যুৎ সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও সমাধান করা হয়। এছাড়াও বৈদ্যুতিক দুর্ঘটনা সম্পর্কে গ্রাহকদের তথ্য প্রদানের মাধ্যমে সচেতন করা হয় এবং এ সম্পর্কিত প্রচারপত্র সম্মানিত গ্রাহকগণের মাধ্যমে বিতরণ করা হয়। ডিপিডিসি'র ৩৬টি এনওসিএস বিভাগের মাধ্যমে গ্রাহকগ কে তাৎক্ষণিকভাবে এসব সেবা প্রদান করা হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. প্রকৌশলী এম হাবিবুর রহমান, উপাচার্য, ডুয়েট; প্রকৌশলী মোঃ নুরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট, আইইবি; প্রকৌশলী মোহাম্মদ হোসাইন, মহাপরিচালক, পাওয়ার সেল; প্রকৌশলী এস এম মঞ্জুরুল হক মঞ্জু, ভাইস প্রেসিডেন্ট, আইইবি; এবং প্রকৌশলী মোঃ শাহাদাৎ হোসেন (শীবলু), সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি।

ইঞ্জিনিয়ার্স ডে-২০২৩ উপলক্ষ্যে ডিপিডিসি-তে কর্মরত প্রকৌশলীদের মধ্য থেকে সার্বিক মূল্যায়নের মাধ্যমে ডিজাইন, পলিসি, স্ট্যান্ডার্ড অ্যান্ড ডকুমেন্টস দপ্তরের নির্বাহী প্রকৌশলী কাজী আশিকুর রহমান-কে শ্রেষ্ঠ প্রকৌশলী-২০২৩ পুরস্কার প্রদান করা হয়। প্রধান অতিথি তাঁর হাতে পুরস্কার ও সনদ তুলে দেন। অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলীসহ ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।






*ডিপিডিসি আয়োজিত সেবা সপ্তাহ ২০২৩ এর উদ্বোধন অনুষ্ঠান*

## নবনিযুক্ত নির্বাহী পরিচালক-কে ফুলেল শুভেচ্ছা



*নবনিযুক্ত নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) কে ফুলেল শুভেচ্ছা*

গত ১২ জুলাই ২০২৩ তারিখে নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) পদে যোগদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব সোনা মনি চাকমা। বিসিএস (প্রশাসন) ক্যাডারের এই চৌকষ কর্মকর্তা ডিপিডিসিতে যোগদানের পূর্বে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে যুগ্মসচিব হিসেবে কর্মরত ছিলেন। নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচআর) পদে যোগদানের পর ডিপিডিসি পরিবারের পক্ষ হতে তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। নবনিযুক্ত নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচআর) এর নেতৃত্বে ডিপিডিসি'র কর্মকান্ডে আরো গতিশীলতা আসবে বলে ব্যবস্থাপনা পরিচালক আশাবাদ ব্যক্ত করেন।

## অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি



এমপ্লয়িদের অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের কৌশল হাতে-কলমে শিক্ষাদানের জন্য গত ২৪ মে ২০২৩ ডিপিডিসি'র উলন ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রে 'ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর' এর তত্ত্বাবধান ও সহযোগিতায় একটি অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়।




## মুজিব শতবর্ষ উপলক্ষে গৃহহীনদের মাঝে গৃহ প্রদান



*ডিপিডিসি'র পক্ষে গৃহের চাবি হস্তান্তর করছেন নির্বাহী পরিচালক (এইচ আর এন্ড অ্যাডমিন) সোনামনি চাকমা*

মুজিব শতবর্ষ উপলক্ষে গৃহহীনদের মাঝে গৃহ প্রদান কর্মসূচির আওতায় ডিপিডিসি'র কর্মকর্তাদের ব্যক্তিগত অনুদানে ডেমরার দাশেরকান্দি এলাকায় গৃহ নির্মাণ করা হয়েছে। গত ২১ আগস্ট ডিপিডিসি'র অর্থায়নে নির্মিত ঘরটি এলাকার দরিদ্র ও অসহায় নারী মোসাঃ হাবীবুন্নেছার নিকট হস্তান্তর করা হয়। ডিপিডিসি'র পক্ষে নির্বাহী পরিচালক (এইচ আর এন্ড অ্যাডমিন) সোনামনি চাকমা ঘরের চাবি মোসাঃ হাবীবুন্নেছা ও তার পরিবারের হাতে তুলে দেন। গৃহ হস্তান্তর অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালকবৃন্দ, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তাগণ ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

# ই-অকশন সিস্টেম ব্যবহারে ডিপিডিসি ও এপিএসসিএল এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*ডিপিডিসি ও এপিএসসিএল এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) উদ্ভাবিত ই-অকশন সফটওয়্যার আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড (এপিএসসিএল)-এ ব্যবহারের উদ্দেশ্যে ডিপিডিসি ও এপিএসসিএল এর মধ্যে একটি সমঝোতা স্মারক গত ২০/০৮/২০২৩ ডিপিডিসি'র সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ এবং বিশেষ অতিথি ছিলেন প্রকৌশলী এএমএম সাজ্জাদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড।

ই-অকশন সিস্টেম একটি অনলাইন ভিত্তিক নিলাম প্রক্রিয়া। এখানে নিলামে আগ্রহী দরদাতাগণ ওয়েবসাইটের মাধ্যমে নিলামে অংশগ্রহণ করতে পারেন। প্রক্রিয়াটি স্বয়ংক্রিয় হওয়াতে কোন ধরনের অযাচিত হস্তক্ষেপের সুযোগ নেই। অকশনের প্রতিটি ধাপে ইমেইল নোটিফিকেশনের মাধ্যমে দরদাতাগণকে আপডেট প্রদান করা হয়। পুরা প্রক্রিয়াটি স্বচ্ছ ও জবাবদিহিতামূলক। ডিপিডিসি ২০১৬ সালে ই-অকশন সিস্টেম উদ্ভাবন করে এবং উদ্ভাবনের স্বীকৃতিস্বরূপ ২০১৮ সালে বেসিস ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ড অর্জন করে। প্রধান অতিথি তার বক্তব্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রসংশা করেন এবং বিদ্যুৎ বিভাগের সংস্থাসমূহের মাঝে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।




ডিপিডিসি উদ্ভাবিত ই-অকশন সিস্টেমের সফলতার ফলে আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড (এপিএসসিএল)-এ ই-অকশন সিস্টেম ব্যবহারের জন্য ডিপিডিসি ও এপিএসসিএল এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ডিপিডিসি'র পক্ষে মোঃ আসাদুজ্জামান, কোম্পানি সচিব (উপসচিব) ও এপিএসসিএল এর পক্ষে মোহাম্মদ আবুল মনসুর, কোম্পানী সচিব, এপিএসসিএল চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির ফলে এপিএসসিএল তাদের নিলাম কার্যক্রম সম্পন্নকরণে ডিপিডিসি উদ্ভাবিত ই-অকশন সিস্টেম ব্যবহার করতে পারবে।

অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলী, জেনারেল ম্যানেজারসহ এপিএসসিএল এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



## ডিপিডিসি'র ১৪তম বুনিয়াদী প্রশিক্ষণ সমাপ্ত

গত ২৯ আগস্ট ডিপিডিসি'র ১৪তম বুনিয়াদী প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান ডিপিডিসি'র প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালকবৃন্দ।

১৪তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স ৭ মার্চ থেকে ২৪ আগস্ট পর্যন্ত মোট ৪২ কার্যদিবসে সম্পন্ন হয়েছে। মোট ২৮ জন কর্মকর্তা এই প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়। সার্বিক মূল্যায়নে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী কর্মকর্তাকে ক্রেস্ট প্রদান করেন ব্যবস্থাপনা পরিচালক। প্রশিক্ষণে ১ম ও ২য় ও ৩য় স্থান অর্জন করেছেন যথাক্রমে ইয়াসমিন আক্তার, মোঃ ওমর ফারুক ও মোঃ আরিফ হোসেন। অনুষ্ঠানে প্রধান প্রকৌশলী, জেনারেল ম্যানেজারসহ উর্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, একইদিনে ১৬তম বুনিয়াদী প্রশিক্ষণের উদ্বোধন ঘোষণা করা হয়।



*ডিপিডিসি'র ১৪তম বুনিয়াদী প্রশিক্ষণে সমাপনী অনুষ্ঠান*

## ■ ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন ■


**সময়কাল: জুন ২০২৩ থেকে আগস্ট ২০২৩ পর্যন্ত**


| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৩৫ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ২৪ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৩ লক্ষ ৫৬ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০১ কোটি ৩৮ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ৭৩ লক্ষ টাকা |
| মালামাল জব্দ | ২৭ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |



**জুন- ২০২৩ থেকে আগস্ট- ২০২৩ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :**

- মানিকনগর দপ্তরের গ্রাহক মো: সাদেক আলী এর আবাসিক স্থাপনায় ৫.০৪ লক্ষ টাকার পেনাল বিল।
- শীতলক্ষ্যা দপ্তরের গ্রাহক এম. এম. খালাশি ওয়ার্কশপ এর অটোরিক্সা গ্যারেজ ১৩.৪৮ লক্ষ টাকার পেনাল বিল।
- মতিঝিল দপ্তরের গ্রাহক ক্যাফে সুরুচি রেস্টুরেন্ট এর বাণিজ্যিক স্থাপনায় ১২.৭৭ লক্ষ টাকার পেনাল বিল।
- মানিকনগর দপ্তরের গ্রাহক মো: আব্দুস সোবহান এর আবাসিক স্থাপনায় ১০.৪৯ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের দপ্তরের গ্রাহক মো: জালাল উদ্দিন এর আবাসিক স্থাপনায় ১০.৩২ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক রহিমা হাসনাত সুমাইয়া এর আবাসিক স্থাপনায় ৯.২০ লক্ষ টাকার পেনাল বিল।
- মতিঝিল দপ্তরের গ্রাহক এ.কে.এম. কামরুল হাসান এর আবাসিক স্থাপনায় ৮.৩৫ লক্ষ টাকার পেনাল বিল।







ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে 'ডিপিডিসি বুলেটিন'- প্রকাশের জন্য ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং সফ্টকপি নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**dgmhrpr@dpdc.org.bd**

### ডিপিডিসি
### বিজ্ঞপ্তি

বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতিত বাড়তি টাকার প্রয়োজন নেই। ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি অভিযোগ করুন।
বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।

| | |
|---|---|
| কোম্পানি সচিব | : ০১৭৩০ ৩৩৫০২৬ |
| প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) | : ০১৭৩০ ৩৩৫১৭৮ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : ০১৭৩০ ৩৩৫১৯৪ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : ০১৭৩০ ৩৩৫১৭২ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : ০১৭৩০ ৩৩৫২১৮ |

## ডিপিডিসি'র সহায়তায় স্মার্ট গ্রিড এবং জ্বালানি দক্ষতা বিষয়ে ওয়ার্কশপ অনুষ্ঠিত




"Smart Grid Pilot Project Technology and Benefits" *শীর্ষক ওয়ার্কশপ*

ডিপিডিসি'র সহায়তায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) তে ছাত্র-ছাত্রীদেরকে স্মার্ট গ্রিড এবং জ্বালানি দক্ষতা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে গত ২৭ আগস্ট "Smart Grid Pilot Project Technology and Benefits" শীর্ষক একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়। ডিপিডিসি'র স্মার্ট গ্রিড পাইলট প্রকল্প, ইউরোপিয়ান ইউনিয়ন ও AFD France এর যৌথ উদ্যোগে একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কসপে ইউআইইউ এর প্রায় ৪০০ জন শিক্ষার্থী ছাড়াও বিভিন্ন ফ্যাকাল্টির শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## ডিপিডিসি'র অর্থায়নে OPEX মডেলে নেট মিটার স্থাপন




**ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র** অর্থায়নে OPEX মডেলে নেট মিটার স্থাপন বিষয়ে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে আলীগঞ্জ উচ্চ বিদ্যালয়, ফতুল্লা, নারায়ণগঞ্জ-এ ৬ (ছয়) কিলোওয়াট পিক অন-গ্রিড সোলার সিস্টেম স্থাপন করা হয়। সোলার সিস্টেমের উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। উদ্বোধনী অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ, বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।



# ডিপিডিসি'তে শুদ্ধাচার পুরস্কার প্রদান




*ডিপিডিসি'র শুদ্ধচার পুরস্কার প্রাপ্তদের সাথে ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য উদ্বতন কর্মকর্তাবৃন্দ*

জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনার আওতায় ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ২০২১-২২ অর্থবছরের 'শুদ্ধাচার পুরস্কার' প্রদান করেছে। ১০মে, ২০২৩ বিদ্যুৎ ভবনে অবস্থিত ডিপিডিসি'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।

দাপ্তরিক কর্মকান্ড ও দায়িত্ব পালনের ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ শ্রেষ্ঠ এমপ্লয়ি (২য়-৭ম গ্রেড) ক্যাটাগরিতে ২০২১-২২ অর্থবছরে ডিজিএম (এইচ আর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট দপ্তরের ম্যানেজার (এইচ আর) এলাইছ মিয়া, ৮ম-১২তম গ্রেড ক্যাটাগ-রিতে মোঃ আওলাদ হোসেন, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেক), নির্বাহী প্রকৌশলী, গ্রীড সাউথ-১ এবং ১৩-১৬তম গ্রেড ক্যাটাগরিতে লাইনম্যান মেট মোঃ বিপ্লব আকন, নির্বাহী প্রকৌশলী, আন্ডারগ্রাউন্ড ক্যাবল (নর্থ) পুরস্কার লাভ করেন।

ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান তাঁর বক্তব্যে শুদ্ধাচার চর্চার উপর গুরুত্বারোপ করেন এবং সকলকে কঠোরভাবে শুদ্ধচার চর্চার আহ্বান জানান। এছাড়াও তিনি তাঁর বক্তব্যে শুদ্ধাচার চর্চায় সকল অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন এবং তাঁদের মতামত গ্রহণের মাধ্যমে সেবার মান উন্নয়নের পরামর্শ প্রদান করেন।

পুরস্কার প্রাপ্তদেরকে প্রণোদনা হিসেবে সনদপত্র, ক্রেস্ট ও একমাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদান করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ, কোম্পানি সচিব, মহাব্যবস্থাপক-সহ ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও ভিডিও কনফারেন্সের মাধ্যমে ডিপিডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে যোগদান করেন।



শুদ্ধচার পুরস্কার গ্রহণ করেন
এলাইছ মিয়া, ম্যানেজার (এইচ আর)



শুদ্ধচার পুরস্কার গ্রহণ করেন
মোঃ আওলাদ হোসেন, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেক)



শুদ্ধচার পুরস্কার গ্রহণ করেন
মোঃ বিপ্লব আকন, লাইনম্যান মেট

**সম্পাদক : শামীমুল হক শামীম,** উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
**সহ-সম্পাদক : ইসতিয়াক আহমেদ,** এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, আলোকচিত্র: **কে এম দুলাল**, গ্রাফিক্স ডিজাইন : **সাকিবুল বাশার**।
ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।